

যানবাহন ও যন্ত্রপাতি রক্ষণাবেক্ষণ সংস্থা (টেমো)

যানবাহন ও যন্ত্রপাতি রক্ষনাবেক্ষণ সংস্থা (টেমো)

যানবাহন ও যন্ত্রপাতি রক্ষনাবেক্ষণ সংস্থা (টেমো) ইউনিসেফের আর্থিক সহযোগিতায় ১৯৭৬ সালে প্রতিষ্ঠিত হয়। স্বাস্থ্য অধিদপ্তরের নিয়ন্ত্রণে টেমোর কার্যক্রম শুরু হয়। সমগ্র বাংলাদেশের স্বাস্থ্য অধিদপ্তরের নিয়ন্ত্রণাধীন বিভিন্ন প্রতিষ্ঠানের রাজস্ব খাতভুক্ত যানবাহন মেরামত কাজ সম্পাদন করা হয়।

- (১) ১৯৮০ সালে টেমোকে স্বাস্থ্য মন্ত্রণালয়ের প্রশাসনিক নিয়ন্ত্রণে আনা হয়।
- (২) ১৯৮২ সালে এনাম কমিটি কর্তৃক এই ওয়ার্কসপের কিছু কারিগরী জনবল অবলুপ্ত করতঃ টেমোর সাংগঠনিক কাঠামো ছোট করা হয়।
- (৩) স্বাস্থ্য মন্ত্রণালয়ের স্মারক নং প্রশা-২/যান-১/৯৭/১৯৫/৩২০ তাং ৮/৩/০৫ এর মাধ্যমে প্রণীত অফিস আদেশ অনুযায়ী টেমো কর্তৃক যানবাহনের মেরামত কাজ সম্পাদিত হচ্ছে।
- (৪) এই অফিস আদেশ অনুযায়ী টেমো কর্তৃক শুধুমাত্র ঢাকা ও ঢাকার নিকটস্থ স্বাস্থ্য অধিদপ্তরের নিয়ন্ত্রণাধীন বিভিন্ন স্বাস্থ্য প্রতিষ্ঠানের প্রায় ২০০ টি রাজস্ব খাতভুক্ত যানবাহনের মেরামত কাজ সম্পাদন করা হচ্ছে।
- (৫) এই সমস্ত যানবাহনের অধিকাংশই ২০ থেকে ২৫ বছরের পুরাতন। ফলে বিভিন্ন সময় গাড়ির বিভিন্ন যান্ত্রিক ত্রুটি দেখা দেয়ায় ঘন ঘন গাড়িগুলি মেরামতের জন্য টেমোতে প্রেরিত হয়। এতে গাড়িসমূহের মেরামত ব্যয় ক্রমান্বয়ে বৃদ্ধি পাচ্ছে। অনেক সময় বিভিন্ন যন্ত্রাংশ পাওয়া যায় না বিধায় অতি পুরাতন গাড়িগুলি পরিবর্তন অত্যাৱশ্যক।
- (৬) টেমোতে ৫ টি কারিগরী শাখা রয়েছে। ৫ টি শাখার মধ্যে ৪ টি শাখা গাড়িসমূহের হালকা ও ভারী মেরামত কাজ সম্পাদন করে। অন্য ১ টি শাখা গাড়ির ইলেকট্রিক কাজ সম্পাদন করে। প্রতিটি শাখায় সিনিয়র মেকানিক, জুনিয়র মেকানিক ও ক্লিনার রয়েছে।
- (৭) টেমোর কার্যক্রম স্বাস্থ্য মন্ত্রণালয়ের অডিট শাখা কর্তৃক আভ্যন্তরীণভাবে নিরীক্ষিত হচ্ছে। এছাড়া স্থানীয় ও রাজস্ব অডিট অধিদপ্তর কর্তৃক নিয়মিতভাবে অডিট কার্যক্রম পরিচালনা করা হচ্ছে।

সাফল্যঃ

- ১) একটি সফট ওয়ারের মাধ্যমে স্বচ্ছতার সাথে গাড়ি মেরামতের রেকর্ড, ক্রয় ও হিসাব সংক্রান্ত রেকর্ড সংরক্ষণ করা হচ্ছে।
- ২) টেমো ওয়ার্কসপের পশ্চিম ও দক্ষিণ পার্শ্বের এক একর জায়গায় অবৈধ দখলদারদারে হাত থেকে উদ্ধার করে বৃক্ষ রোপন করা হয়েছে।